

গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার হওয়া ব্যক্তিদের জন্য আবাসন সুরক্ষা প্রোগ্রাম (HOUSING SAFETY PROGRAM)

HOME+ কি?

গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বন্ধে মেয়রের কার্যালয়-এর (End Domestic and Gender-Based Violence, ENDGBV) একটি বিনামূল্যের শহরব্যাপী প্রোগ্রাম যা গার্হস্থ্য সহিংসতা (domestic violence, DV) এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (gender-based violence, GBV) থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের তাদের বাড়িতে নিরাপদে থাকতে সাহায্য করে:

- কোনো অত্যাচারী ব্যক্তির দ্বারা নিরাপত্তার ঝুঁকির সম্মুখীন হলে, বাড়ির ভিতরে সাহায্যের জন্য পেন্ডেন্ট অ্যালার্ম সিস্টেম ব্যবহার করা হবে
- দরজা এবং জানালার জন্য লক পরিবর্তন এবং মেরামতের পরিষেবা
- আবাসন রক্ষণাবেক্ষণ বা সুরক্ষিত করার খরচ মেটাতে নমনীয় তহবিল অনুদান

সমস্ত Home+ অংশগ্রহণকারীরা চুক্তিবদ্ধ কমিউনিটি ভিত্তিক সংস্থার মাধ্যমে অতিরিক্ত সহায়তা পরিষেবা, যেমন কেস ম্যানেজমেন্ট এবং সুরক্ষা পরিকল্পনার সাথে সংযুক্ত থাকেন।

*Home+ কে আগে আশ্রয়ের বিকল্প বলা হত।

কারা যোগ্য?

- নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী DV এবং/অথবা GBV-এর শিকার হওয়া বা ভুক্তভোগী ব্যক্তিরা; DV এবং/অথবা GBV-এর শিকার হওয়া বা ভুক্তভোগী ব্যক্তি হিসেবে আপনার অবস্থান প্রমাণ করার জন্য কোনো নথিপত্র বা সুরক্ষা আদেশের প্রয়োজন নেই।
- Home+ প্রদানকারীরা যোগ্যতা নির্ধারণের জন্য একটি মূল্যায়ন পরিচালনা করে। সমস্ত পরিষেবা উপলব্ধতার উপর নির্ভর করে।
- নমনীয় তহবিল: আয় অবশ্যই 2024 সালের দারিদ্র্য নির্দেশিকা অনুসারে 300% বা তার কম হতে হবে।
- আপনার ভোক্তা ক্রেডিট ইতিহাস, অপরাধমূলক ইতিহাস, এবং/অথবা অভিবাসন অবস্থা Home+ পরিষেবার জন্য আপনার যোগ্যতার উপর প্রভাব ফেলবে না।

*অতিরিক্ত সহায়তা:

- আপনার নিরাপত্তার জন্য একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা তৈরি করতে এবং কেস ম্যানেজারের সাথে বিকল্পগুলি নিয়ে আলোচনা করতে, সোমবার - শুক্রবার সকাল 9:00টা এবং বিকেল 5:00 টার মধ্যে আপনি যে বোরোতে বসবাস করেন সেখানকার (অথবা যেখানে আপনি সবচেয়ে নিরাপদ বোধ করেন) নিউ ইয়র্ক সিটি পারিবারিক বিচার কেন্দ্রে (Family Justice Center, FJC) যান অথবা 311 নম্বরে কল করুন।
- তাৎক্ষণিক নিরাপত্তা পরিকল্পনা এবং আশ্রয় সহায়তার জন্য NYC গার্হস্থ্য সহিংসতা হটলাইনে 800-621-HOPE (4673) এ কল করুন, দিনে 24 ঘন্টা খোলা।
- www.nyc.gov/NYCHOPE -এ NYC HOPE রিসোর্স ডিরেক্টরির মাধ্যমে কমিউনিটি-ভিত্তিক প্রদানকারীদের কাছ থেকে পরিষেবাগুলি অনুসন্ধান করুন।
- আপনি যদি তাৎক্ষণিক বিপদে পড়েন অথবা কোনো অপরাধের ঘটনা সম্পর্কে রিপোর্ট করতে চান, তাহলে 911 নম্বরে কল বা টেক্সট করুন। অনুগ্রহ করে মনে রাখবেন, এর ফলে NYPD-এর পক্ষ থেকে প্রতিক্রিয়া জানানো হবে।

আমি কিভাবে Home+ এর সাথে যোগাযোগ করব?

BROOKLYN: হেল্প রোডস (HELP ROADS)

সময়: সকাল 9টা - বিকেল 5টা, সোমবার - শুক্রবার
হেল্পলাইন: 718-922-7980
homeplus@helpusa.org

BRONX: ভায়োলেন্স ইন্টারভেনশন প্রোগ্রাম (Violence Intervention Program, VIP)

সময়: সকাল 9টা - রাত 11টা, সোমবার - শুক্রবার
হেল্পলাইন: 1-800-664-5880
homeplusteam@vipmujeres.org

QUEENS: ওম্যানকাইন্ড (Womankind)

সময়: সকাল 9টা - সন্ধ্যা 7টা, সোমবার - শুক্রবার
হেল্পলাইন: 1-888-888-7702 (24/7)
টেক্সট: 929-207-5907

MANHATTAN:

রাইজিং গ্রাউন্ডস পাথস টু হিলিং (Rising Ground Paths To Healing)

সময়: সকাল 9টা - সন্ধ্যা 6টা, সোমবার - শুক্রবার
হেল্পলাইন: 1-877-783-7794
stepshelpline@risingground.org

STATEN ISLAND: সিমেন্স সোসাইটি ফর চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ

সময়: সকাল 9টা - বিকেল 5টা, সোমবার - শুক্রবার
হেল্পলাইন: 718-447-7740 x4792 (24/7)
homeplus@seamenssociety.org